

CASE STUDY
CLASS - III

২। নীচের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তরটি চিহ্নিত করো :-

পরদিন খুব ভোরে উঠে চলতে আরম্ভ করেছি। আজকের পথ নালায়-নালায়, সঙ্গে বুড়ো লুশাই আর শ্যামলাল। ভোরবেলা নানারকম শিকার পাওয়া যায়, সেইজন্য বন্দুক ভরে নিয়েই চলেছি। শিকার সামনে পড়ছে কিন্তু মারতে পারছি না, একে ঘোর বন, তায় কুয়াশা। শিকার দেখতে না দেখতে জঙ্গলে মিলিয়ে যায়। হাতি, গঁড়, বাঘ, হরিণ সকলেরই তাজা পাঞ্জা দেখতে পাওয়া যাচ্ছে। পাখির অভাব নেই। হাতির পথ ধরে নালাটাকে কখনও এপার কখনও করতে করতে নদীর দিকে চলেছি, আজ রাত্রে সেখানে ক্যাম্প করব।

ক। ভোর শব্দের সাথে যুক্ত --

i) সূর্য ওঠা

ii) চাঁদ ওঠা

iii) সূর্য অস্ত যাওয়া

iv) উপরের কোনোটিই নয়

খ। কুয়াশা দেখা যায় ---

i) গ্রীষ্মকালে

ii) বর্ষাকালে

iii) বসন্তকালে

iv) শীতকালে

গ। মাৎস খেতে ভালোবাসে ---

i) হরিণ

ii) বাঘ

iii) হাতি

iv) গরু

ঘ। ক্যাম্প তৈরি করতে লাগে ---

i) তাঁবু দিয়ে

ii) মশারি দিয়ে

iii) কাপড় দিয়ে

iv) পাতা দিয়ে

ঙ। শিকার মারতে না পারার কারণ হল ---

i) ঘোর বন

ii) কুয়াশা

iii) উপরের দুটিই ঠিক

iv) কোনটিই নয়